

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৮৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصيل الاول

আরবী

وَعَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ قَالَ: أَشْرَفَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أُطُمٍ مِنْ آطَامِ الْمَدِينَةِ فَقَالَ: هَلْ تَرَوْنَ مَا أَرَى؟ قَالُوا: لَا. قَالَ: «فَإِنِّي لأرى الْفِتَن خلال بُيُوتكُمْ كوقع الْمَطَر» . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (1878) و مسلم (9 / 2885)، (7245) ـ (مُتَّفَقُ عَلَيْهِ)

বাংলা

৫৩৮৭-[৯] উসামাহ্ ইবনু যায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী (সা.) - মদীনার একটি গৃহের উপর আরোহণ করে (লোকেদেরকে) বললেন, আমি যা অবলোকন করছি তোমরাও কি তা অবলোকন করছ? তারা বললেন, জ্বী, না। তিনি বললেন, আমি অবলোকন করছি যে, তোমাদের গৃহের ফাঁকে ফাঁকে বৃষ্টির মতো ফিতনাহ্ পতিত হচ্ছে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ১৮৭৮, মুসলিম ৯-(২৮৮৫), সহীহুল জামি ৭০৩০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৭১২৭, মুসনাদুল হুমায়দী ৫৪২, মুসনাদে বাযযার ২৫৬৫, মুসনাদে আহমাদ ২১৭৯৬, আল মুসতাদরাক লিল হাকিম ৮৫৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা : উপর্যুক্ত হাদীসের ব্যাখ্যায় মুহাদ্দিসীনে কিরাম বলেছেন: উম্মতকে সম্ভাব্য ফিতনাহ্ সম্পর্কে অবহিত ও



সতর্ক করার জন্য নবী (সা.) -কে ফিতনার আলামতসমূহ দেখানো হয়েছে। নবী (সা.) - ফিতনার বর্ণনা যেভাবে দিয়েছেন তার আলোকে বলা যায় যে, শেষ যামানার ফিতনাসমূহ ব্যাপকভাবে সকলকেই গ্রাস করবে। নির্দিষ্টভাবে কোন একক সম্প্রদায় বা গোত্র এতে আক্রান্ত হবে না। মুহাদ্দিসগণের মতে, সাহাবায়ি কিরামের যুগে সংঘটিত বিভিন্ন যুদ্ধ-বিগ্রহ যেমন- উদ্ভের যুদ্ধ, সিফফীন ও 'উসমান (রাঃ)-এর হত্যা এবং হুসায়ন (রাঃ) -কে হত্যার বিষয়ও এখানে ইঙ্গিত করা হয়েছে। (শারহুন নাবাবী হা, ২৮৮৫, সহীহুল বুখারী ১৮৭৮, ২৪৬৭, ৩৫৯৭, ৭০৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন